
# প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২

(পরিমার্জিত ২০২৫)

(৪+ ও ৫+ বয়সি শিশুদের জন্য)



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২

(পরিমার্জিত ২০২৫)

**(৪+ ও ৫+ বয়সি শিশুদের জন্য)**

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০, মতিঝিল, বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]


**প্রথম মুদ্রণ**

------------, ২০২৫


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে:

# সূচিপত্র


| | |
|---|---|
| **প্রসঙ্গ কথা** | **৭** |
| **প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম - ২০২২ (পরিমার্জিত ২০২৫)** | **১০** |
| রূপকল্প | ১০ |
| অভিলক্ষ্য | ১০ |
| শিক্ষাক্রমে যোগ্যতার ধারণা | ১০ |
| প্রাক-প্রাথমিক শিক্ষার লক্ষ্য | ১০ |
| প্রাক-প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য | ১০ |
| শিখনক্ষেত্র ও অর্জন উপযোগী যোগ্যতা | ১১ |
| **বিস্তৃত শিক্ষাক্রম, প্রাক-প্রাথমিক শিক্ষা (৪+ বয়সি শিশুর জন্য)** | **১৩** |
| **বিস্তৃত শিক্ষাক্রম, প্রাক-প্রাথমিক শিক্ষা (৫+ বয়সি শিশুর জন্য)** | **৪৩** |
| **প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০২২ এর সমন্বয়কারীগণের নাম** | **৭৪** |
| **প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০২২ প্রণয়ন কমিটির সম্মানিত সদস্যগণের নাম** | **৭৪** |

# প্রসঙ্গ কথা

প্রাক-প্রাথমিক শিক্ষার সঙ্গে পরবর্তী পর্যায়ের মানসম্মত শিক্ষা অর্জনের একটি গভীর যোগসূত্র রয়েছে। প্রাক-প্রাথমিক শিক্ষা ছোট ছোট শিশুদের শারীরিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, ভাষাগত ও সামাজিক বিকাশের ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে। সবার জন্য শিক্ষার ও 'জমতিয়েন ঘোষণা-১৯৯০' এবং পরবর্তীতে 'ডাকার ঘোষণা-২০০০'- শিশুর প্রারম্ভিক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। জমতিয়েন ঘোষণার ধারাবাহিকতায় ১৯৯৪ সালে 'দেখা শোনা' বইয়ের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়সমূহে শিশু শ্রেণি চালু করা হয়। 'সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাতে'ও শিশুর সার্বিক বিকাশ এবং বিদ্যালয় প্রস্তুতির জন্য প্রাক-প্রাথমিক শিক্ষার উপর জোর দেওয়া হয়। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার বিবেচনা করে সারাদেশে সর্বজনস্বীকৃত জাতীয় মানের উপর ভিত্তি করে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যকর ও সুসংগঠিতরূপে বাস্তবায়নের জন্য ব্যাপক আলাপ-আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে ২০০৮ সালে 'প্রাক-প্রাথমিক শিক্ষার পরিচালন কাঠামো প্রণয়ন করা হয়। জাতীয় শিক্ষানীতি ২০১০ এ ৫+বছর বয়সি শিশুদের জন্য এবং পর্যায়ক্রমে ৪+ বছর বয়সি শিশুদের জন্য অর্থাৎ ২ বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের বিধান উল্লেখ করা হয়েছে। অনুমোদিত কাঠামোর আলোকে ২০১০ সালে অন্তর্বর্তীকালীন প্যাকেজের মাধ্যমে সারাদেশে প্রাথমিক বিদ্যালয়সমূহে ৫+ বছর বয়সি শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা চালু করা হয়। একই ধারাবাহিকতায় ২০১১ সালে প্রণীত জাতীয় শিক্ষাক্রমের ভিত্তিতে ২০১৪ সালে ৫+ বছর বয়সি শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়। উল্লেখ্য যে, সপ্তম ও অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ এ ২ বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা চালুর বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে।

পরবর্তী সময়ে একই ধারাবাহিকতায় সরকার ৪+ বয়সি শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করার বিষয়টি অনুমোদন করে। সারাদেশে ৫+ বয়সি শিশুদের জন্য বাস্তবায়নাধীন প্রাক-প্রাথমিক শিক্ষা চালু রাখার পাশাপাশি জরুরি ভিত্তিতে একটি অন্তর্বর্তীকালীন প্যাকেজ প্রণয়ন করে ২০২৩ সালে নির্বাচিত ৩২১৪ টি বিদ্যালয়ে ৪+ বয়সি শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা পরীক্ষামূলকভাবে চালু করা হয়। প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ও শিখন-শেখানো সামগ্রী প্রণয়ন কমিটির সম্মানিত সদস্যগণের সক্রিয় অংশগ্রহণে কয়েকটি কর্মশালার মাধ্যমে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ২০২১ সালের জুন মাস থেকে ৪+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম প্রণয়ন এবং ৫+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জনের কাজ শুরু করে। ৪+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০২২ প্রণয়ন এবং ৫+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জনের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি বিবেচনায় নেওয়া হয়েছে।

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান;
- জাতীয় শিক্ষানীতি-২০১০;
- বিভিন্ন দেশের শিক্ষাক্রম;
- সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা কর্তৃক পরিচালিত প্রাক-প্রাথমিক শিক্ষার শিখন-শেখানো সামগ্রী;
- বিভিন্ন সংস্থার শিখন-শেখানো সামগ্রী;
- প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান (Early Learning and Development Standards);
- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি-২০১৩ (Comprehensive Early Childhood Care and Development Policy-2013);
- জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১।

শিশুর পরিপূর্ণ বিকাশের জন্য ৪টি Domain বা বিকাশের ক্ষেত্রসমূহকে (ক. শারীরিক ও চলনক্ষমতার বিকাশ; খ. সামাজিক ও আবেগিক বিকাশ; গ. ভাষা ও যোগাযোগ দক্ষতার বিকাশ; ঘ. বুদ্ধিবৃত্তিক বিকাশ) ভিত্তি ধরে প্রাক-প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে। শিশুর বিকাশের ক্ষেত্র এবং প্রারম্ভিক শিখন ও আদর্শমান বিবেচনা করে শিখনক্ষেত্র নির্ধারণ করা হয়েছে। শিখনক্ষেত্র অনুযায়ী ৪+ ও ৫+ বয়সি শিশুদের জন্য অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নির্ধারণ করা হয়েছে। প্রতিটি শিখনফলের বিপরীতে সক্রিয় শিখনভিত্তিক শিখন-শেখানো কৌশল ও ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি বর্ণনা করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কমিটি ৫+ বয়সিদের জন্য শিক্ষাক্রম পরিমার্জন এবং ৪+ বয়সি শিশুদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম উন্নয়নের কাজ করেছেন। অতঃপর যৌক্তিক মূল্যায়ন কর্মশালায় পরীক্ষা-নিরীক্ষা করে ৪+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০২২ প্রণয়ন এবং ৫+ বয়সিদের জন্য প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন চূড়ান্ত করা হয়। চূড়ান্ত প্রাক-প্রাথমিক শিক্ষক্রম (৪+ ও ৫+ বয়সি শিশুদের জন্য) জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির সভায় (এনসিসিসি) অনুমোদন করা হয়। এনসিসিসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশোধনীসমূহ শিক্ষাক্রমে সংযোজন করা হয়েছে। আন্তর্জাতিক মান এবং দেশীয় পরিপ্রেক্ষিত বিবেচনা করে প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম-২০২২ প্রণয়ন ও পরিমার্জন করা হয়েছে। এ শিক্ষাক্রমের ভিত্তিতে শিক্ষক সহায়িকাসহ অন্যান্য শিক্ষা উপকরণ উন্নয়ন এবং শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করা হবে। ৪+ ও ৫+ বয়সি কোমলমতি শিশুদের শারীরিক, ভাষাবৃত্তিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক ও আবেগিক ক্ষেত্রে সুষম বিকাশ নিশ্চিত করাই প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ এর মূল লক্ষ্য।

সময়ের নিরিখে এবং আধুনিক বিশ্বের সাথে তাল মেলাতে বিষয় বিশেষজ্ঞ, শিক্ষাক্রম বিশেষজ্ঞ, শিক্ষণ বিশেষজ্ঞ, শ্রেণি শিক্ষকগণের সমন্বয়ে বিশেষজ্ঞ দল ২০২৫ সালে প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ পর্যালোচনাপূর্বক পরিমার্জন কার্যক্রম সম্পন্ন করে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর সভায় অনুমোদন লাভ করে এবং এর নামকরণ করা হয় “প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ (পরিমার্জিত ২০২৫)”।

“প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ (পরিমার্জিত ২০২৫)” পরিমার্জনে যেসকল ব্যক্তিবর্গ সহযোগিতা ও সহায়তা প্রদান করেছেন, তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। এই শিক্ষাক্রম পরিমার্জনে যারা মেধা ও শ্রম দিয়েছেন তাদের সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। শিক্ষাক্রম বিশেষজ্ঞ, শিক্ষণ বিশেষজ্ঞ, বিষয় বিশেষজ্ঞ, শ্রেণি শিক্ষক এবং অন্যান্য সুধিজনের নিকট থেকে যৌক্তিক পরামর্শ ও নির্দেশনা পেলে তা শিক্ষাক্রম পরিমার্জনের পরবর্তী ধাপে গুরুত্বের সাথে বিবেচনায় নেওয়া হবে।

প্রফেসর রবিউল কবীর চৌধুরী
চেয়ারম্যান (দায়িত্বপ্রাপ্ত)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ (পরিমার্জিত ২০২৫)

## রূপকল্প

মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত দেশপ্রেমিক, উৎপাদনমুখী, অভিযোজনে সক্ষম সুখী ও বৈশ্বিক নাগরিক গড়ে তোলা।

## অভিলক্ষ্য

- সকল শিক্ষার্থীর অন্তর্নিহিত সম্ভাবনা বিকাশে কার্যকর ও নমনীয় শিক্ষাক্রম প্রণয়ন;
- শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীর বিকাশ ও উৎকর্ষের সামাজিক কেন্দ্র হিসেবে গড়ে তোলা;
- প্রাতিষ্ঠানিক পরিবেশের বাইরেও বহুমাত্রিক শিখনের সুযোগ ও স্বীকৃতি প্রদান;
- সংবেদনশীল, জবাবদিহিমূলক একীভূত ও অংশগ্রহণমূলক শিক্ষাব্যবস্থা নিশ্চিতকরণ;
- শিক্ষাব্যবস্থার সকল পর্যায়ে দায়িত্বশীল, স্ব-প্রণোদিত, দক্ষ ও পেশাদার জনশক্তি নিয়োগ।

## শিক্ষাক্রমে যোগ্যতার ধারণা

মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে পরিবর্তনশীল প্রেক্ষাপটে অভিযোজনের জন্য জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গির সমন্বয়ে অর্জিত সক্ষমতা।

| জ্ঞান | দক্ষতা | মূল্যবোধ | দৃষ্টিভঙ্গি |
|---|---|---|---|
| • নিজ, সমাজ ও বিশ্ব সম্পর্কে ধারণা লাভ<br>• সূক্ষ্ম বিশ্লেষণের মাধ্যমে আন্তঃবিষয়ক সংযোগ স্থাপন।<br>• পাঠ্যপুস্তক ও পাঠবহির্ভূত ধারণার মধ্যে সংযোগ স্থাপন। | • সূক্ষ্ম চিন্তন ও সমস্যা সমাধান<br>• সৃজনশীল চিন্তন ও কল্পনা<br>• মৌলিক ও ডিজিটাল সাক্ষরতা<br>• সহযোগিতা ও যোগাযোগ<br>• সিদ্ধান্ত গ্রহণ ও স্ব-ব্যবস্থাপনা<br>• অভিযোজন<br>• বিশ্ব নাগরিকত্ব | • সংহতি<br>• দেশপ্রেম<br>• পরমতসহিষ্ণুতা<br>• শ্রদ্ধা<br>• সহমর্মিতা | • ইতিবাচক<br>• গঠনমূলক |

## প্রাক-প্রাথমিক শিক্ষার লক্ষ্য

আনন্দময় ও শিশুবান্ধব পরিবেশে ৪+ ও ৫+ বছর বয়সি শিশুদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক ও আবেগিক, ভাষা ও যোগাযোগ তথা সার্বিক বিকাশে সহায়তা দিয়ে প্রাথমিক শিক্ষার অঙ্গনে তাদের স্বতঃস্ফূর্ত অভিষেকের মাধ্যমে জীবনব্যাপী শিখনের ভিত রচনা করা।

## প্রাক-প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য

- শিশুদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, আবেগিক এবং ভাষা ও যোগাযোগমূলক বিকাশে সহায়তা করা।
- বিদ্যালয়ে সহজ প্রবেশ নিশ্চিত করা।

## শিখনক্ষেত্র ও অর্জন উপযোগী যোগ্যতা

| শিখনক্ষেত্র | ৪+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা | ৫+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা |
|---|---|---|
| ১. শারীরিক ও পেশির কার্যক্ষমতা | ১.১ শরীরের বিভিন্ন অঙ্গ ব্যবহার করে বাঁধামুক্ত পরিবেশে অন্যের সহায়তায় ও সাবলীলভাবে বিভিন্ন দৈনন্দিন কার্যক্রম, ব্যায়াম এবং খেলাধুলা করতে পারা। | ১.১ শরীরের বিভিন্ন অঙ্গ ব্যবহার করে বাঁধামুক্ত ও বাঁধাযুক্ত পরিবেশে অন্যের সহায়তা ছাড়া সাবলীলভাবে দৈনন্দিন কার্যক্রম, ব্যায়াম ও খেলাধুলা করতে পারা। |
| | ১.২ সূক্ষ্মপেশি ব্যবহার করে অনুকরণ ও অনুসরণের মাধ্যমে সামর্থ্য অনুযায়ী বিভিন্ন কাজ করতে পারা। | ১.২ সূক্ষ্মপেশি ব্যবহার করে অনুকরণ ও অনুসরণের মাধ্যমে বিভিন্ন কাজ করতে পারা। |
| | ১.৩ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার করে কাজ করতে পারা। | ১.৩ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার ও সমন্বয় করে কাজ করতে পারা। |
| ২. সামাজিক ও আবেগিক | ২.১ সামাজিক রীতি মেনে পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ করতে পারা। | ২.১ সামাজিক রীতি-নীতি মেনে পরিবার, আত্মীয়-স্বজন, শিক্ষক, বন্ধু ও প্রতিবেশীর সাথে যোগাযোগ করতে পারা। |
| | ২.২ পরিবারের সদস্য, শিক্ষক ও বন্ধুদের সাথে আবেগ-অনুভূতি ও বস্তুগত বিষয় ভাগ করে নিতে পারা এবং মিলেমিশে থাকতে পারা। | ২.২ পরিবারের সদস্য, শিক্ষক, বন্ধু ও প্রতিবেশীদের সাথে আবেগ-অনুভূতি ও বস্তুগত বিষয় ভাগ করে নিতে পারা এবং মিলেমিশে থাকতে পারা। |
| | ২.৩ নিকটজনের কাছে নিজের সুবিধা-অসুবিধা, পছন্দ-অপছন্দ অনুযায়ী আবেগ প্রকাশ করতে পারা। | ২.৩ পরিবারের সদস্য, শিক্ষক ও বন্ধুর কাছে পরিস্থিতি অনুযায়ী আবেগ প্রকাশ এবং ব্যবস্থাপনা করতে পারা। |
| ৩. মূল্যবোধ ও নৈতিকতা | ৩.১ ইতিবাচক মনোভাব পোষণ করে বয়স উপযোগী কাজ করা, অনুরোধ রক্ষা করা ও নির্দেশনা অনুসরণ করতে পারা। | ৩.১ ইতিবাচক মনোভাব পোষণ করে দৈনন্দিন কাজ করা, অনুরোধ করা ও রক্ষা করা এবং নির্দেশনা অনুসরণ করতে পারা। |
| | ৩.২ পরিবারের সদস্য, শিক্ষক ও বন্ধুদের প্রতি সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা প্রদর্শনপূর্বক সহযোগিতাপূর্ণ আচরণ করতে পারা। | ৩.২ পরিবারের সদস্য, বন্ধু, নিকটজন ও শিক্ষকের প্রতি সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা প্রদর্শনপূর্বক সহযোগিতাপূর্ণ আচরণ করতে পারা। |
| | ৩.৩ দৈনন্দিন জীবনে ভালো কাজের অনুশীলন করতে পারা। | ৩.৩ দৈনন্দিন জীবনে ভালো কাজ অনুসরণ করে মন্দ কাজ পরিহার করতে পারা। |
| | ৩.৪ পারিবারিক ও সামাজিক রীতি-নীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য চর্চা করতে পারা। | ৩.৪ পারিবারিক ও সামাজিক রীতি-নীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হয়ে তা অনুসরণ করতে পারা। |

| শিখনক্ষেত্র | ৪+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা | ৫+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা |
|---|---|---|
| ৪. ভাষা ও যোগাযোগ | ৪.১ ভাষা ও যোগাযোগের উপায়সমূহ ব্যবহারের মাধ্যমে ভাব গ্রহণ করা এবং নিজের মতো করে প্রকাশ করতে পারা। | ৪.১ ভাষা ও যোগাযোগের উপায়সমূহ ব্যবহারের মাধ্যমে ভাব গ্রহণ করা এবং নিজের মতো করে প্রকাশ করতে পারা। |
| | ৪.২ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার করে বস্তুর রং, আকৃতি, গন্ধ ও স্বাদ শনাক্ত করে তথ্য আদান-প্রদান করতে পারা। | ৪.২ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার করে বস্তুর রং, আকৃতি, গন্ধ ও স্বাদ শনাক্ত করে তথ্য আদান-প্রদান করতে পারা। |
| ৫. গণিত ও যুক্তি | ৫.১ আগ্রহ ও কৌতূহলের সাথে নিকট পরিবেশের বাস্তব ও অর্ধবাস্তব উপকরণ ব্যবহার করে তুলনা, অবস্থান, গণনা ও আকার-আকৃতি, প্যাটার্ন এবং পরিমাপের ধারণা অর্জন করতে পারা। | ৫.১ আগ্রহ ও কৌতূহলের সাথে নিকট পরিবেশের উপকরণ ব্যবহার করে তুলনা, অবস্থান, গণনা, যোগ-বিয়োগ, আকার-আকৃতি, প্যাটার্ন এবং পরিমাপের ধারণা অর্জন করতে পারা। |
| | | ৫.২ বাস্তব, অর্ধবাস্তব উপকরণ ও সংখ্যা প্রতীক ব্যবহার করে গণনা, সংখ্যার তুলনা এবং যোগ-বিয়োগ করতে পারা। |
| ৬. সৃজনশীলতা ও নান্দনিকতা | ৬.১ নিকট পরিবেশের উপাদান ব্যবহার করে আনন্দের সাথে কাজের মাধ্যমে নান্দনিকতা ও সৃজনশীলতা প্রকাশ করতে পারা। | ৬.১ নিকট পরিবেশের উপাদান ব্যবহার করে আনন্দের সাথে কাজের মাধ্যমে নান্দনিকতা ও সৃজনশীলতা প্রকাশ করতে পারা। |
| ৭. পরিবেশ ও জলবায়ু | ৭.১ কৌতূহলী হয়ে নিকট পরিবেশের বিভিন্ন বস্তু/ উপাদান, চিত্র, দৃশ্য ও ঘটনা সম্পর্কে জেনে প্রকাশ করতে পারা। | ৭.১ কৌতূহলী হয়ে নিকট পরিবেশের বিভিন্ন বস্তু/ উপাদান, চিত্র, দৃশ্য ও ঘটনা সম্পর্কে জেনে প্রকাশ করতে পারা। |
| | ৭.২ আবহাওয়া ও ঋতু পরিবর্তন পর্যবেক্ষণ করে পরিবর্তিত অবস্থার সাথে খাপ খাইয়ে চলতে পারা। | ৭.২ আবহাওয়া ও ঋতু পরিবর্তন পর্যবেক্ষণ করে পরিবর্তিত অবস্থার সাথে খাপ খাইয়ে চলতে পারা। |
| | ৭.৩ নিকট পরিবেশের বিভিন্ন উপাদানের প্রতি যত্নশীল হতে পারা। | ৭.৩ নিকট পরিবেশের উপাদানের প্রতি যত্নশীল হয়ে সংরক্ষণ করতে পারা। |
| ৮. বিজ্ঞান ও প্রযুক্তি | ৮.১ দৈনন্দিন জীবনে বিভিন্ন প্রাকৃতিক ঘটনাসমূহ পর্যবেক্ষণ করে কার্যকারণ সম্পর্কে অনুসন্ধিৎসু হতে পারা। | ৮.১ দৈনন্দিন জীবনে বিভিন্ন প্রাকৃতিক ঘটনাসমূহ পর্যবেক্ষণ করে কার্যকারণ সম্পর্কে অনুসন্ধিৎসু হয়ে সমস্যা সমাধান করতে পারা। |
| | ৮.২ কৌতূহলী হয়ে নিকট পরিবেশের জড় ও জীব শনাক্ত করতে পারা। | ৮.২ কৌতূহলী হয়ে নিকট পরিবেশের জড় ও জীবের পার্থক্য করতে পারা। |
| | ৮.৩ বাড়িতে ও বিদ্যালয়ে প্রযুক্তি সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করে প্রযুক্তির নিরাপদ ব্যবহারে আগ্রহী হতে পারা। | ৮.৩ দৈনন্দিন ব্যবহার্য প্রযুক্তি সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করে প্রযুক্তির নিরাপদ ব্যবহার সম্পর্কে আগ্রহী হতে পারা। |

| শিখনক্ষেত্র | ৪+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা | ৫+ বয়সি শিশুর অর্জন উপযোগী যোগ্যতা |
|---|---|---|
| ৯. শারীরিক-মানসিক স্বাস্থ্য ও সুরক্ষা | ৯.১ স্বাস্থ্যবিধি মেনে আত্ম-ব্যবস্থাপনা, খেলাধুলা, খাবার গ্রহণ, বিশ্রম ও বিনোদনের মাধ্যমে হাসি-খুশি ও উৎফুল্ল থাকতে পারা। | ৯.১ স্বাস্থ্যবিধি মেনে আত্ম-ব্যবস্থাপনা, খেলাধুলা, খাবার গ্রহণ, বিশ্রাম ও বিনোদনের মাধ্যমে হাসি-খুশি ও উৎফুল্ল থাকতে পারা। |
| | ৯.২ নিজের পছন্দ-অপছন্দ, ভালো-লাগা, মন্দ-লাগা, অস্বস্তি ও সমস্যা নিকটজনকে জানাতে পারা। | ৯.২ নিজের পছন্দ-অপছন্দ, ভালো-লাগা, মন্দ-লাগা, অস্বস্তি ও সমস্যা জানাতে পারা। |
| | ৯.৩ বিপজ্জনক ও ক্ষতিকারক বস্তু সম্পর্কে জেনে নিরাপদ ও সুরক্ষিত থাকতে পারা। | ৯.৩ বিপজ্জনক ও ক্ষতিকারক বস্তু সম্পর্কে জেনে নিরাপদ ও সুরক্ষিত থাকতে পারা। |

# প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২

(পরিমার্জিত ২০২৫)

# বিস্তৃত শিক্ষাক্রম

## (৪+ বয়সি শিশুদের জন্য)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ

বিস্তৃত শিক্ষাক্রম

## প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ (পরিমার্জিত ২০২৫)

(৪+ বয়সি শিশুর জন্য)

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| ১. শারীরিক ও পেশিজ কার্যক্ষমতা | ১.১ শরীরের বিভিন্ন অঙ্গ ব্যবহার করে বাঁধামুক্ত পরিবেশে অন্যের সহায়তায় ও সাবলীলভাবে বিভিন্ন দৈনন্দিন কার্যক্রম, ব্যায়াম এবং খেলাধুলা করতে পারা। | ১.১.১ সহায়তা নিয়ে ও সাবলীলভাবে শরীরের বিভিন্ন অঙ্গ ব্যবহার করে ব্যায়াম করতে পারবে। | প্রদর্শন<br>অনুশীলন | নির্দেশনা অনুসরণ করে হাত ও পা ব্যবহার করে বয়স উপযোগী ব্যায়াম করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>ছবি/চিত্র/ভিডিয়ো |
| | | ১.১.২ সহায়তা নিয়ে ও সাবলীলভাবে নিজে দৈনন্দিন বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। | | দৈনন্দিন কাজের ভূমিকাভিনয় ও বাস্তব অনুশীলন (যেমন: বোতাম লাগানো-খোলা, চুল-আঁচড়ানো, দাঁত ব্রাশ, জুতা পরা ইত্যাদি) করা। | | | শিক্ষক সহায়িকা<br>খেলাধুলার বিভিন্ন উপকরণ (যেমন: রশি, চক/কাঠি, বল, তিন-চাকার সাইকেল ইত্যাদি) |
| | | ১.১.৩ ভারসাম্য রক্ষা করে স্বতঃস্ফূর্তভাবে হাঁটতে, দৌড়াতে ও খেলাধুলা করতে পারবে। | | ভারসাম্য রক্ষার বিভিন্ন কাজ ও খেলা (যেমন: হাঁটাচলা, দৌড়ানো, মেঝেতে/খেলার মাঠে সরলরেখা টেনে/রশির ওপর দিয়ে হাঁটা, চোখ ও হাতের সমন্বয় করে খেলা/কাজ, তিন-চাকার সাইকেল চালনা, একপায়ে হাঁটা/পা বদল করে হাঁটা, বলে লাথি মারা) করা। | | | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | ১.২ সূক্ষ্মপেশি ব্যবহার করে অনুকরণ ও অনুসরণের মাধ্যমে সামর্থ্য অনুযায়ী বিভিন্ন কাজ করতে পারা। | ১.২.১ সূক্ষ্মপেশি ব্যবহার করে ছবি আঁকতে ও রং করতে পারবে। | প্রদর্শন<br>অনুশীলন | ইচ্ছেমতো আঁকিবুকি, রং করা এবং আকার-আকৃতির ওপর রং করা (বৃত্ত, ত্রিভুজ, চতুর্ভুজ)। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>ছবি আঁকা ও চিত্রকলার বিভিন্ন উপকরণ (যেমন: খাতা, স্লেট, পেন্সিল, রং-পেন্সিল, চক, ক্রেয়ন, তুলি ইত্যাদি)। |
| | | ১.২.২ সূক্ষ্মপেশি ব্যবহার করে ছোট ছোট কাজ করতে পারবে। | খেলা<br>অনুশীলন<br>ভূমিকাভিনয়<br>আলোচনা | বিভিন্ন নির্দেশনার/ ইচ্ছেমতো খেলা ও কাজে অংশগ্রহণ (যেমন: পেনসিল ধরে আঁকিবুকি, বইয়ের পাতা উল্টানো, মালা গাঁথা, ছিপি খোলা, জামার বোতাম খোলা ও লাগানো ইত্যাদি) করা। | | | শিক্ষক সহায়িকা<br>ছবি আঁকা ও রং করার উপকরণ, ইচ্ছেমতো খেলা/ ভুবনের উপকরণ (বিচি, পুথি, ছিপি, বোতাম, ব্লক ইত্যাদি)। |
| | | ১.২.৩ সূক্ষ্মপেশি ব্যবহার করে বিভিন্ন আকৃতি তৈরি করতে পারবে। | প্রদর্শন<br>খেলা<br>আলোচনা | আলোচনা ও বাস্তব প্রদর্শনের মাধ্যমে বিভিন্ন উপকরণ দিয়ে গোল, তিনকোনা ও চারকোনা আকৃতি/জিনিস তৈরি করা।<br>ইচ্ছেমতো আকার আকৃতি তৈরির খেলা। | | | শিক্ষক সহায়িকা<br>বিভিন্ন খেলার উপকরণ (যেমন: ব্লক, বিচি, কাঠি, কাদামাটি, বোতাম, ইটের টুকরা, নুড়ি পাথর, সিম/ মটর/তেঁতুল বীজ ইত্যাদি)। |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | ১.৩ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার করে কাজ করতে পারা। | ১.৩.১ পঞ্চ-ইন্দ্রিয়ের কাজ সম্পর্কে বলতে পারবে। | ভূমিকাভিনয়<br>প্রদর্শন<br>আলোচনা | ইন্দ্রিয়ের কাজ সম্পর্কিত চিত্র/চার্ট/ভিডিয়ো দেখে আলোচনাপূর্বক ইন্দ্রিয়ের কাজ সম্পর্কে বলা।<br>ইন্দ্রিয় সম্পর্কিত ছড়া শুনে ইন্দ্রিয়সমূহের কাজ বলা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>ছবি/চিত্র/চার্ট/ভিডিয়ো |
| | | ১.৩.২ পঞ্চ-ইন্দ্রিয় ও বিভিন্ন অঙ্গ সমন্বয়ের মাধ্যমে ছোট ছোট কাজ করতে পারবে। | প্রদর্শন<br>ভূমিকাভিনয়<br>খেলা<br>অনুশীলন | পঞ্চ-ইন্দ্রিয় ও বিভিন্ন অঙ্গ ব্যবহার করে ইচ্ছেমতো খেলা।<br>ইন্দ্রিয়সমূহ ব্যবহার করে বিভিন্ন কাজের ভূমিকাভিনয়ের (যেমন: বল ধরা, ছুড়ে দেওয়া, জামার বোতাম লাগানো, একপাত্র থেকে আরেক পাত্রে পানি ঢালা, কাগজ ভাঁজ করা/আঠা দিয়ে লাগানো, বোতলে পানি ঢালা ইত্যাদি অনুকরণের) খেলা। | | | শিক্ষক সহায়িকা<br>খেলনা উপকরণ (যেমন: কাগজ, বল, জামা ও বোতাম, ব্লক সেট, খেলনা, ছবির কার্ড ইত্যাদি)। |
| ২. সামাজিক ও আবেগিক | ২.১ সামাজিক রীতি মেনে পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ করতে পারা। | ২.১.১ পরিবারের সদস্যদের সাথে কুশল বিনিময় করতে পারবে। | প্রদর্শন<br>ভূমিকাভিনয়<br>খেলা | ছবি, চিত্র ও ভিডিও দেখে কুশল বিনিময়ের অনুশীলন।<br>কুশল বিনিময়ের খেলা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>ছবি, চিত্র ও ভিডিয়ো |
| | | ২.১.২ পরিবারের বড়দের সম্মান ও ছোটদের স্নেহ করতে পারবে। | প্রদর্শন<br>আলোচনা<br>ভূমিকাভিনয়<br>অনুশীলন<br>গল্প বলা<br>জোড়ায় কাজ | ভূমিকাভিনয়<br>জোড়ায় অনুশীলন<br>বড়দের সম্মান/ছোটদের স্নেহ-বিষয়ক গল্প শোনা ও বলা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>বড়দের সম্মান/ছোটদের স্নেহ-বিষয়ক গল্প সংগ্রহ |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ২.১.৩ পরিবারের সদস্যদের নিকট নিজের প্রয়োজন প্রকাশ করতে পারবে। | ভূমিকাভিনয়<br>দলগত কাজ<br>খেলা | পরিবারের সদস্যদের নিকট নিজের চাহিদা প্রকাশের ভূমিকাভিনয়।<br>খেলা, যোগাযোগ ও কাজের মাধ্যমে নিজের প্রয়োজন প্রকাশ। | পর্যবেক্ষণ<br>মৌখিক | চেকলিস্ট<br>প্রশ্নমালা | শিক্ষক সহায়িকা |
| | ২.২ পরিবারের সদস্য, শিক্ষক ও বন্ধুদের সাথে আবেগ-অনুভূতি ও বস্তুগত বিষয় ভাগ করে নিতে পারা এবং মিলেমিশে থাকতে পারা। | ২.২.১ পরিবারের সদস্য, বন্ধুদের সাথে আবেগ-অনুভূতি প্রকাশ করতে পারবে। | প্রদর্শন<br>ভূমিকাভিনয়<br>দলগত কাজ | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণের মাধ্যমে বিভিন্ন আবেগের (যেমন: হাসি, কান্না, রাগ, দুঃখ ইত্যাদি) সাথে পরিচিত হওয়া।<br>আবেগ প্রকাশক প্রতীক (ইমো)-এর সাথে পরিচিত হওয়া। নিজের অনুভূতি অনুযায়ী চার্টে প্রদর্শিত আবেগ প্রকাশক প্রতীক চিহ্নিত করা। ভূমিকাভিনয়ের মাধ্যমে আবেগ-অনুভূতি প্রকাশ করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>আবেগ প্রকাশক অভিব্যক্তিমূলক চিহ্ন/ছবি<br>চার্ট<br>ফ্ল্যাশকার্ড |
| | | ২.২.২ পরিবারের সদস্য ও বন্ধুদের সাথে বিভিন্ন বস্তু ও খাবার ভাগাভাগি করতে পারবে। | ভূমিকাভিনয়<br>দলগত কাজ<br>খেলা | খেলার মাধ্যমে খেলনা ভাগাভাগির চর্চা।<br>পরিবারের সদস্য ও বন্ধুদের সাথে খাবার ভাগাভাগির ভূমিকাভিনয়/খেলা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ২.২.৩ পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে মিলেমিশে থাকতে ও সহযোগিতা করতে পারবে। | গল্প বলা<br>ভূমিকাভিনয়<br>দলগত কাজ | পরিবার ও বন্ধুদের প্রতি সহানুভূতি ও সহযোগিতামূলক গল্প বলা।<br>পরিবারের সদস্যদের সহযোগিতা করা এবং সহযোগিতা চাওয়ার ভূমিকাভিনয়।<br>দলগত কাজের মাধ্যমে পারস্পরিক সহযোগিতার চর্চা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>গল্পের বই |
| | | ২.২.৪ পরিবারের সদস্য ও বন্ধুদের নিকট সহযোগিতা চাইতে পারবে। | | | | | |
| | ২.৩ নিকটজনের কাছে নিজের সুবিধা-অসুবিধা, পছন্দ-অপছন্দ অনুযায়ী আবেগ প্রকাশ করতে পারা। | ২.৩.১ পরিবারের সদস্য শিক্ষক ও বন্ধুর কাছে নিজের সুবিধা-অসুবিধা, পছন্দ-অপছন্দ প্রকাশ করতে পারবে। | আলোচনা<br>ভূমিকাভিনয়<br>দলগত কাজ | পরিবারের সদস্য শিক্ষক ও বন্ধুর কাছে নিজের সুবিধা-অসুবিধা, পছন্দ-অপছন্দের বিষয়ে আলোচনা।<br>নিজের সুবিধা-অসুবিধা, পছন্দ-অপছন্দের ভূমিকাভিনয়।<br>দলগত কাজের মাধ্যমে নিজের পছন্দ-অপছন্দ প্রকাশ করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা |
| | | ২.৩.২ পরিস্থিতি অনুযায়ী পরিবারের সদস্যদের নিকট আবেগ প্রকাশ করতে পারবে। | প্রদর্শন<br>গল্প বলা | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণের মাধ্যমে বিভিন্ন প্রকার আবেগ চিহ্নিত করা।<br>গল্প শোনার মাধ্যমে গল্পের চরিত্রে প্রকাশিত আবেগ শনাক্ত করা। | পর্যবেক্ষণ<br>প্রশ্নোত্তর | চেকলিস্ট/ ছবি | শিক্ষক সহায়িকা<br>ছবি/চিত্র/ভিডিয়ো |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| ৩. মূল্যবোধ ও নৈতিকতা | ৩.১ ইতিবাচক মনোভাব পোষণ করে বয়স উপযোগী কাজ করা, অনুরোধ রক্ষা করা ও নির্দেশনা অনুসরণ করতে পারা। | ৩.১.১ দৈনন্দিন কাজ আগ্রহের সাথে সম্পন্ন করতে পারবে। | আলোচনা<br>প্রদর্শন<br>একক কাজ<br>দলগত কাজ<br>ভূমিকাভিনয়<br>অনুশীলন | দৈনন্দিন ছোট ছোট কাজের ভূমিকাভিনয়।<br><br>শ্রেণিকক্ষে একক/ দলগতভাবে ছোট ছোট কাজে আনন্দের সাথে অংশগ্রহণ। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br><br>পোস্টার, গল্পের বই, চার্ট, ছবি, চিত্র, অডিও ও ভিডিয়ো ক্লিপ ইত্যাদি |
| | | ৩.১.২ বয়োজ্যেষ্ঠ ব্যক্তিবর্গ ও শিক্ষকের নির্দেশ স্বতঃস্ফূর্তভাবে অনুসরণ করতে পারবে। | | বয়োজ্যেষ্ঠ সদস্য ও শিক্ষকের নির্দেশ পালন সম্পর্কিত ছবি/ চিত্র/ ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক আলোচনা।<br>বাবা মা ও বয়োজ্যেষ্ঠদের আদেশ/নির্দেশ পালনের ঘটনা/ গল্প শোনা ও বলা।<br><br>স্বতঃস্ফূর্তভাবে আদেশ/নির্দেশ অনুসরণের ভূমিকাভিনয় । | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |
| | | ৩.১.৩ পরিবারের সদস্য ও বন্ধুদের গ্রহণযোগ্য অনুরোধ আনন্দের সাথে রক্ষা করতে পারবে। | | অনুরোধ রক্ষা-সম্পর্কিত ঘটনা/ গল্প শোনা ও বলা।<br><br>দৈনন্দিন জীবনে গ্রহণযোগ্য অনুরোধ পালনের ভূমিকাভিনয়।<br>দৈনন্দিন জীবনে গ্রহণযোগ্য অনুরোধ পালনের অনুশীলন। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | ৩.২ পরিবারের সদস্য, শিক্ষক ও বন্ধুদের প্রতি সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা প্রদর্শনপূর্বক সহযোগিতাপূর্ণ আচরণ করতে পারা। | ৩.২.১ পরিবারের সদস্যদের প্রতি সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা প্রদর্শন করতে পারবে। | আলোচনা<br>প্রদর্শন<br>একক কাজ<br>দলগত কাজ<br>ভূমিকাভিনয় | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণের মাধ্যমে পরিবারের বড়দের প্রতি শ্রদ্ধা, ছোটদের প্রতি স্নেহ ও ভালোবাসা প্রদর্শনের দলগত আলোচনা।<br><br>পরিবারের সদস্যদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার গল্প শোনা ও বলা।<br><br>পরিবারের বড়দের প্রতি শ্রদ্ধা, ছোটদের প্রতি স্নেহ ভালোবাসা প্রদর্শনের ভূমিকাভিনয়। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br><br>চার্ট, ছবি, চিত্র, অডিও, ভিডিয়ো ক্লিপ ইত্যাদি।<br><br>খেলার সামগ্রী (যেমন: প্লাস্টিক বল, জীব-জন্তুর সেট, রান্নার বাটি সেট ইত্যাদি)। |
| | | ৩.২.২ পরিবারের সকলের প্রতি যত্নশীল আচরণ করতে পারবে। | | ছবি/চিত্র/ভিডিয়ো প্রদর্শনপূর্বক পরিবারের সকলের প্রতি যত্নশীল আচরণ সম্পর্কিত আলোচনা।<br><br>পরিবারের সকলের প্রতি যত্নশীল হওয়ার ঘটনা/গল্প শ্রেণিকক্ষে উপস্থাপন।<br><br>পরিবারের সকলের প্রতি যত্নশীল আচরণের ভূমিকাভিনয়। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৩.২.৩ শিক্ষকের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে। | | বিদ্যালয় চলাকালে প্রতিদিন শিক্ষককে অভিবাদন, শুভেচ্ছা বিনিময়ের অনুশীলন।<br><br>শিক্ষককে শ্রদ্ধা প্রদর্শনের ভূমিকাভিনয় ও অনুশীলন। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |
| | | ৩.২.৪ আনন্দ সহকারে বন্ধু ও সমবয়সীদের সাথে সহযোগিতাপূর্ণ আচরণ করতে পারবে। | | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক সহপাঠী/বন্ধু/ সমবয়সীদের সাথে সহযোগিতাপূর্ণ ব্যবহার সম্পর্কে আলোচনা ও বাস্তব অনুশীলন।<br><br>ইচ্ছেমতো ও নির্দেশনার খেলায় অংশগ্রহণ।<br><br>খেলনা ও খেলার উপকরণ ভাগাভাগি করার চর্চা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |
| | | ৩.২.৫ খেলাধুলায় আনন্দ সহকারে বন্ধু ও সমবয়সীদের সাথে সহযোগিতাপূর্ণ আচরণ করতে পারবে। | | | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | ৩.৩ দৈনন্দিন জীবনে ভালো কাজের অনুশীলন করতে পারা। | ৩.৩.১ ভালো কাজ চিহ্নিত করতে পারবে।<br>৩.৩.২ বিদ্যালয় ও পরিবারে ভালো কাজ করতে পারবে। | আলোচনা<br>প্রদর্শন<br>একক কাজ<br>দলগত কাজ<br>ভূমিকাভিনয় | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক ভালো কাজ সম্পর্কে আলোচনা।<br>ছবি/পোস্টার/চার্টের মাধ্যমে ভালো কাজ চিহ্নিত করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>খেলনা সামগ্রী (যেমন: বল, জীব-জন্তুর সেট, রান্না-বাটির সেট ইত্যাদি), পোস্টার, গল্পের বই, চার্ট, ছবি, চিত্র, ভিডিয়ো/অডিও ক্লিপ ইত্যাদি। |
| | | ৩.৩.৩ সহপাঠী/বন্ধুদের সাথে ভালো কাজে উৎসাহের সাথে অংশগ্রহণ করতে পারবে। | | শ্রেণিকক্ষে ভালো কাজের অনুশীলন।<br>খেলনা উপকরণ, শিক্ষা উপকরণ, শ্রেণিকক্ষ সুন্দর রাখা ইত্যাদি কাজে অংশগ্রহণের অনুশীলন। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |
| | ৩.৪ পারিবারিক ও সামাজিক রীতি-নীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য চর্চা করতে পারা। | ৩.৪.১ পরিবারের রীতি-নীতি অনুসরণ করতে পারবে। | আলোচনা<br>প্রদর্শন<br>একক কাজ<br>দলগত কাজ<br>ভূমিকাভিনয় | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক পরিবারের রীতি-নীতি (যেমন: একসাথে খেতে বসা, বড়োদের কথা শোনা, ছোটোদের স্নেহ করা, পারস্পরিক সহযোগিতা ইত্যাদি) সম্পর্কে আলোচনা করে শ্রেণিতে উপস্থাপন। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br>পোস্টার, গল্পের বই, চার্ট, ছবি, চিত্র, ছবি আঁকার সামগ্রী, ভিডিয়ো/অডিও ক্লিপ ইত্যাদি। |
| | | ৩.৪.২ সামাজিক রীতি-নীতি সর্ম্পকে বলতে পারবে। | | ছবি/চিত্র/ভিডিয়ো দেখিয়ে সামাজিক রীতি-নীতি (যেমন: শুভেচ্ছা বিনিময়, সামাজিক অনুষ্ঠানে অংশগ্রহণ, ধর্মীয় উৎসবে অংশগ্রহণ ইত্যাদি) সম্পর্কে আলোচনা।<br>সামাজিক উৎসব, অনুষ্ঠানে অংশগ্রহণের ঘটনার বর্ণনা করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৩.৪.৩ সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে। | | ছবি/চিত্র/ভিডিয়ো-এর মাধ্যমে বিভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্য পর্যবেক্ষণপূর্বক আলোচনা।<br>জাতীয় পতাকা, ফুল, ফল, পাখি, ধর্মীয় ও জাতীয় উৎসবের ছবি রং করা।<br>বিভিন্ন জাতীয় উৎসবে অংশগ্রহণ। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | |
| ৪. ভাষা ও যোগাযোগ | ৪.১ ভাষা ও যোগাযোগের উপায়সমূহ ব্যবহারের মাধ্যমে ভাব গ্রহণ করা এবং নিজের মতো করে প্রকাশ করতে পারা। | ৪.১.১ ধ্বনি, শব্দ ও অঙ্গভঙ্গির মাধ্যমে মনের ভাব প্রকাশ করতে পারবে। | প্রদর্শন<br>পর্যবেক্ষণ<br>জোড়ায় কাজ<br>দলগত কাজ | বাস্তব উপকরণ, চার্ট/ছবি অডিও/ভিডিয়ো দেখে, সহপাঠী ও শিক্ষকের মুখে শুনে বা অঙ্গভঙ্গি দেখে বলা/অঙ্গভঙ্গির মাধ্যমে প্রকাশ করা। | পর্যবেক্ষণ<br>মৌখিক | চেকলিস্ট<br>প্রশ্নমালা | শিক্ষক সহায়িকা<br>ফ্লিপচার্ট<br>পোস্টার<br>ফ্ল্যাশ কার্ড<br>অডিও/ভিডিয়ো<br>ওয়ার্কবুক<br>খেলা-সংশ্লিষ্ট উপকরণ। |
| | | ৪.১.২ পরিচিত চিহ্ন, সংকেত, ছবি/চিত্র দেখে শনাক্ত করতে পারবে। | পর্যবেক্ষণ<br>প্রদর্শন<br>আলোচনা<br>খেলা | চিত্র/ছবি দেখে নিজের মতো করে বলা। | | | |
| | | ৪.১.৩ চিত্র ও ছবি দেখে নিজের মতো করে বলতে পারবে। | প্রদর্শন | বাস্তব উপকরণ, চার্ট, ছবি/চিত্র, অডিও/ভিডিয়ো, পাপেট শো এবং খেলার মাধ্যমে পরিচিত চিহ্ন ও সংকেত শনাক্ত করা। | | | |
| | | ৪.১.৪ সহজ নির্দেশনা শুনে/দেখে অনুসরণ করতে পারবে। | ভূমিকাভিনয়<br>খেলা | ভূমিকাভিনয় এবং খেলার (একক ও দলগত) মাধ্যমে নির্দেশনা শুনে/দেখে অনুসরণ করা। | | | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৪.১.৫ ছোট ও সহজ বাক্য শুনে নিজের মতো করে বলতে পারবে। | গল্প বলা<br>প্রদর্শন<br>কথোপকথন<br>জোড়ায় কাজ<br>দলগত কাজ | গল্প শুনে, অডিও/ভিডিয়ো ও ছবি/চিত্র দেখে নিজের মতো করে বলা।<br>শিক্ষকের পাঠ শুনে একক ও দলগতভাবে ছড়া ও গান অনুশীলন।<br>শিক্ষক ও সহপাঠীদের সাথে সহজ কথোপকথন। | | | |
| | | ৪.১.৬ পরিবেশের কোনো বস্তু/উপাদান দেখে আঁকিবুকি করতে পারবে। | আঁকিবুকি | ইচ্ছেমতো আঁকিবুকি করা। | | | |
| | | ৪.১.৭ ইচ্ছেমতো ছবি ও প্যাটার্ন আঁকতে পারবে। | প্রদর্শন<br>পর্যবেক্ষণ<br>অঙ্কন | ছবি/চিত্র/বস্তু দেখে ইচ্ছেমতো আঁকা ও রং করা।<br>ওয়ার্কবুক ব্যবহার করে প্যাটার্ন আঁকা। | | | |
| | ৪.২ পঞ্চ-ইন্দ্রিয় ব্যবহার করে বস্তুর রং, আকৃতি, গন্ধ ও স্বাদ শনাক্ত করে তথ্য আদান-প্রদান করতে পারা। | ৪.২.১ ইন্দ্রিয় ব্যবহার করে বিভিন্ন বস্তুর রং, আকৃতি, গঠন শনাক্ত করতে পারবে। | পর্যবেক্ষণ<br>প্রদর্শন<br>খেলা | বাস্তব উপকরণ, ছবি/চিত্র/মডেল দেখে এবং খেলার মাধ্যমে বিভিন্ন বস্তুর রং চেনা।<br>বাস্তব উপকরণ, ছবি/চিত্র/মডেল দেখে এবং খেলার মাধ্যমে পরিচিত বস্তুর আকৃতি ও গঠন (যেমন: খসখসে, মসৃণ, শক্ত, নরম) শনাক্ত করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৪.২.২ ইন্দ্রিয় ব্যবহার করে পরিচিত বস্তুর গন্ধ ও স্বাদ অনুভব করে বলতে পারবে। | | ছবি/চিত্র/মডেল দেখে এবং বাস্তব উপকরণ ও খেলার মাধ্যমে পরিচিত বস্তুর গন্ধ ও স্বাদ অনুভব করে বলা। | | | শিক্ষক সহায়িকা |
| ৫. গণিত ও যুক্তি | ৫.১ আগ্রহ ও কৌতূহলের সাথে নিকট পরিবেশের বাস্তব ও অর্ধবাস্তব উপকরণ ব্যবহার করে তুলনা, অবস্থান, গণনা ও আকার-আকৃতি, প্যাটার্ন এবং পরিমাপের ধারণা অর্জন করতে পারা। | ৫.১.১ আকার ও আয়তনের ভিত্তিতে বিভিন্ন বস্তুর তুলনা করতে পারবে। | পর্যবেক্ষণ<br>প্রদর্শন<br>খেলা<br>ছড়া/গান | বাস্তব উপকরণ, চার্ট/ছবি অডিও/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক খেলার মাধ্যমে বিভিন্ন বস্তুর মধ্যে কম-বেশি, ছোট-বড়, মোটা-চিকন, হালকা-ভারি, তুলনা ও পার্থক্য করা।<br><br>বাস্তব উপকরণ, চার্ট/ছবি অডিও/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক এবং খেলার মাধ্যমে বিভিন্ন বস্তুর অবস্থানগত স্থিতি (যেমন: কাছে-দূরে, ওপরে-নিচে, সামনে-পিছনে, উঁচু-নিচু, ভিতর-বাহির, ডান-বাম) চিহ্নিত করা।<br><br>আকার-আকৃতি, অবস্থানের ভিত্তিতে পরিবেশের বিভিন্ন বস্তু পর্যবেক্ষণ ও তুলনা করা। | পর্যবেক্ষণ<br>মৌখিক | চেকলিস্ট<br>প্রশ্নমালা | শিক্ষক সহায়িকা<br>ছবির চার্ট<br>পোস্টার<br>ফ্ল্যাশ কার্ড<br>অডিও/ভিডিয়ো<br><br>বাস্তব উপকরণ (যেমন: দড়ি, রঙ্গিন চক, ফিতা, ব্লক, ঝরা পাতা, বিচি, নুড়ি পাথর, বালি, পানি, কাপ, ছোট বোতল, গামলা ইত্যাদি)। |
| | | ৫.১.২ বস্তুর অবস্থানগত স্থিতি তুলনা করতে পারবে। | | | | | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৫.১.৩ বাস্তব ও অর্ধবাস্তব উপকরণ গণনা করতে পারবে। | প্রদর্শন<br>খেলা<br>একক কাজ<br>দলগত কাজ | বাস্তব উপকরণ, চার্ট/ছবি, সংখ্যা কার্ড, অডিও/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক খেলার মাধ্যমে ১-১০ পর্যন্ত গণনা করা।<br><br>ছড়া/গানের মাধ্যমে ১-১০ পর্যন্ত গণনা করা। | | | |
| | | ৫.১.৪ নিকট পরিবেশের বিভিন্ন আকৃতির বস্তু শনাক্ত করতে পারবে। | প্রদর্শন<br>খেলা<br>একক কাজ<br>দলগত কাজ | ব্লক/মডেল, কার্ড ইত্যাদি উপকরণ ব্যবহার করে এবং শ্রেণিকক্ষের বাইরে বাস্তব উপকরণ পর্যবেক্ষণপূর্বক একক/দলগত কাজের মাধ্যমে বিভিন্ন আকৃতি গোল, তিনকোনা, চারকোনা (বৃত্ত, ত্রিভুজ, চতুর্ভুজ) শনাক্ত করা। | | | |
| | | ৫.১.৫ রং, আকার-আকৃতি অনুযায়ী বিভিন্ন বস্তু সাজাতে ও শ্রেণিকরণ করতে পারবে। | প্রদর্শন<br>পর্যবেক্ষণ<br>খেলা<br>একক কাজ<br>দলগত কাজ | বাস্তব উপকরণ ব্যবহার করে একক/দলগত কাজ এবং খেলার মাধ্যমে রং ও আকার-আকৃতি অনুযায়ী বিভিন্ন বস্তু সাজানো ও শ্রেণিকরণ করা। | | | |
| | | ৫.১.৬ বাস্তব উপকরণ ব্যবহার করে অনুমানপূর্বক পরিমাপ করতে পারবে। | পর্যবেক্ষণ<br>খেলা<br>একক কাজ<br>দলগত কাজ | বালি, পানি, নুড়ি পাথর, বিচি, রঙিন বোতাম ইত্যাদি উপকরণ ব্যবহার করে একক/দলগত কাজ এবং খেলার মাধ্যমে অনুমানপূর্বক পরিমাপ করা। | | | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৫.১.৭ রং, আকার-আকৃতির ভিত্তিতে সহজ নকশা/প্যাটার্ন তৈরি করতে পারবে। | প্রদর্শন<br>পর্যবেক্ষণ<br>খেলা<br>একক কাজ<br>দলগত কাজ | ব্লক, নুড়ি পাথর, বিচি, রঙিন বোতাম ইত্যাদি উপকরণ ব্যবহার করে একক/দলগত কাজের মাধ্যমে নকশা/প্যাটার্ন তৈরি করা।<br><br>খেলার মাধ্যমে নকশা/প্যাটার্ন তৈরি করা। | | | |
| ৬. সৃজনশীলতা ও নান্দনিকতা | ৬.১ নিকট পরিবেশের উপাদান ব্যবহার করে আনন্দের সাথে কাজের মাধ্যমে নান্দনিকতা ও সৃজনশীলতা প্রকাশ করতে পারা। | ৬.১.১ পরিবেশের বিভিন্ন উপাদানের/বস্তুর রং চিনে বলতে পারবে।<br>৬.১.২ নিকট পরিবেশের বিভিন্ন উপাদানের/বস্তুর ছবি রং করতে পারবে। | একক কাজ<br>দলগত কাজ<br>প্রদর্শন<br>পর্যবেক্ষণ<br>আলোচনা<br>খেলা | বাস্তব উপকরণ, ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক পরিবেশের বিভিন্ন উপাদানের/বস্তুর রং শনাক্ত করা।<br><br>বাড়ি ও বিদ্যালয়ের পরিবেশের বিভিন্ন উপাদান দেখে ডট মিলিয়ে ছবি আঁকা ও রং করা।<br>ওয়ার্কবুক থেকে বিভিন্ন আকৃতি/ছবি রং করা। | পর্যবেক্ষণ | চেকলিস্ট | শিক্ষক সহায়িকা<br><br>আঁকিবুকি বই |
| | | ৬.১.৩ জাতীয় পতাকা আঁকতে ও রং করতে পারবে। | একক কাজ | ডট মিলিয়ে জাতীয় পতাকা আঁকা ও রং করা। | | | |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৬.১.৪ পরিবেশের সহজলভ্য উপাদান দিয়ে বিভিন্ন খেলনা তৈরি করতে পারবে। | প্রদর্শন<br>আলোচনা<br>একক কাজ<br>দলগত কাজ | ছবি/চিত্র/ভিডিয়ো পর্যবেক্ষণপূর্বক আলোচনার মাধ্যমে কাগজ, কাপড়, শোলা, কাদামাটি, কাঠি, পাতা, শস্যদানা ইত্যাদি উপকরণ ব্যবহার করে বিভিন্ন খেলনা সামগ্রী/আকৃতি (যেমন: পুতুল, ফল, বল, মার্বেল, বাঁশি ইত্যাদি) তৈরি করা। | | | শিক্ষক সহায়িকা<br>ছবি/চিত্র/ভিডিয়ো<br>কাগজ, কাপড়, শোলা, কাদামাটি, কাঠি, পাতা, শস্যদানা ইত্যাদি। |
| | | ৬.১.৫ অভিনয় ও অঙ্গাভঙ্গির মাধ্যমে ছড়া ও গল্প উপস্থাপন করতে পারবে। | একক কাজ<br>দলগত কাজ<br>অভিনয় | নির্ধারিত ছড়াসমূহ অভিনয় ও অঙ্গাভঙ্গির মাধ্যমে উপস্থাপন করা।<br>নির্ধারিত গল্পসমূহ অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করা। | | | শিক্ষক সহায়িকা |
| | | ৬.১.৬ ধারাবাহিকভাবে গল্প বলতে পারবে। | চেইনড্রিল | দলে ভাগ হয়ে ধারাবাহিকভাবে বানিয়ে বানিয়ে গল্প বলা।<br>অসমাপ্ত গল্পকে ইচ্ছেমতো বলা। | | | শিক্ষক সহায়িকা |
| | | ৬.১.৭ সুর ও ছন্দের তালে গানে অংশগ্রহণ করতে পারবে। | একক কাজ<br>দলগত কাজ | সুর ও ছন্দের তালে গানে অংশগ্রহণ করা।<br>বিভিন্ন গানের অডিও/ভিডিয়ো শুনে বা দেখে গান গাইতে চেষ্টা করা। | | | শিক্ষক সহায়িকা<br>অডিও/ভিডিয়ো |

| শিখনক্ষেত্র | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | শিখন-শেখানো কার্যক্রম | | মূল্যায়ন নির্দেশনা | | শিখন-শেখানো সামগ্রী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পদ্ধতি ও কৌশল | পরিকল্পিত কাজ | পদ্ধতি | টুলস | |
| | | ৬.১.৮ ছন্দের তালে গানের সাথে নাচতে পারবে। | একক কাজ<br>দলগত কাজ | ছন্দের তালে গানের সাথে নাচে অংশগ্রহণ করা।<br>গানের সাথে নাচের ভিডিয়ো দেখে নিজের মতো নাচের চেষ্টা করা। | | | |
| | | ৬.১.৯ জাতীয় সংগীত পরিবেশনায় অংশগ্রহণ করতে পারবে। | একক কাজ<br>দলগত কাজ | অডিও শুনে/ভিডিয়ো দেখে জাতীয় সংগীত (১ম চার লাইন) পরিবেশনায় অংশগ্রহণ করা। | | | |
| | | ৬.১.১০ স্থানীয় সাধারণ বাদ্যযন্ত্র শনাক্ত করতে পারবে। | আলোচনা<br>প্রদর্শন<br>পর্যবেক্ষণ | ছবি/ভিডিয়ো/বাস্তব বাদ্যযন্ত্র পর্যবেক্ষণ করে সাধারণ বাদ্যযন্ত্র নিয়ে আলোচনা করা।<br>সাংস্কৃতিক অনুষ্ঠানে, স্থানীয় বাদ্যযন্ত্রীদের শ্রেণিকক্ষে আমন্ত্রণ জানিয়ে বাস্তব ব্যবহার পর্যবেক্ষণ করা। | পর্যবেক্ষণ<br>মৌখিক | চেকলিস্ট<br>প্রশ্নমালা | শিক্ষক সহায়িকা<br>বাদ্যযন্ত্র<br>চিত্র<br>অডিও/ভিডিয়ো |
| | | ৬.১.১১ নিজের দৈনন্দিন কাজ সম্পর্কে জেনে নিজেকে পরিপাটি করে রাখতে পারবে। | আলোচনা<br>ভূমিকাভিনয়<br>খেলা<br>অনুশীলন | দৈনন্দিন কাজ ও পরিপাটি থাকার (যেমন: পরিষ্কার-পরিচ্ছন্নতা, চুল আঁচড়ানো, পোশাক পরিধান ইত্যাদি) ভিডিয়ো পর্যবেক্ষণ ও আলোচনা।<br>পরিষ্কার-পরিচ্ছন্নতা, চুল আঁচড়ানো ও পোশাক পরিধানের ভূমিকাভিনয়, খেলা ও অনুশীলন। | | | শিক্ষক সহায়িকা<br>অডিও/ভিডিয়ো |

